গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ-সহকারী নিবন্ধক,উপজেলা সমবায় কার্যালয়,

বানারীপাড়া,বরিশাল

এবং

জেলা সমবায় কর্মকর্তা,জেলা সমবায় কার্যালয়,বরিশাল এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ সহকারী নিবন্ধক, উপজেলা সমবায় কার্যালয়, বানারীপাড়া, বরিশাল

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, বরিশাল-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র


উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৭

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৮

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারা বাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকা বেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, বানারীপাড়া বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াস ও প্রচেষ্টার ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ উপজেলার উৎপাদন মুখী ও সেবা ধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন , সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাত করণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থ বছরে মোট ২৫ টি নতুন সমবায় গঠন করা হয়েছে ১৫৬০ জন নতুন সমবায়ীকে সদস্য ভুক্ত করা হয়েছে। গত ২০২০-২০২১ অর্থ বছরে ১৭৮ টি, ২০২১-২০২২ অর্থ বছরে ১৯০ টি ও ২০২২-২০২৩ অর্থ বছরে ১৯০ টি সমবায়ের নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। বিগত তিন বছরে ১৮০ জন সমবায়ী (পুরুষ) ও ১২০ জন সমবায়ী (মহিলা) সহ সর্বমোট ৩০০ জনকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং সমবায় ইনষ্টিটিউট কাশিপুর, বরিশাল ও কুমিল্লা কোটবাড়ী কুমিল্লায় ৩৫ জন সমবায়ীকে ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জন্য প্রেরণ করা হয়েছে। সমিতির মুলধন হতে সদস্যদের ঋণ প্রদানের মাধ্যমে ১০৫০ জনের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে বানারীপাড়া উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত মোট সাধারণ ও পউব সমবায় সমিতির এর সংখ্যা ৩২৯ টি । নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠ পর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়নপ্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায়ের অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায়গুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রিরেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। সেজন্য অকার্যকর হয়ে পড়া সমবায়কে পুনকার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি অত্র উপজেলার নিবন্ধিত সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে বিভাগীয় সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা, ট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা গ্রহণের মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করাও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাত করণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধা বঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠী ও মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবন যাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য প্রকল্প/কর্মসূচি গ্রহণে সমবায় অধিদপ্তরে প্রকল্প/কর্মসূচির প্রস্তাব প্রেরণ করা হবে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১২ টি সমবায় নিবন্ধনসহ ০১ টি মডেল সমবায় গঠন করা হবে;
- ১০০ জনকে চাহিদা ভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ৯০% সমবায় এর নির্বাচন অনুষ্ঠান, নিরীক্ষিত সমবায় এর মধ্যে ৭০% এর এজিএম আয়োজন এবং ৫০% সমবায় এর হিসাব বিবরণী প্রাপ্তি নিশ্চিত করা হবে।
- ৫৮ টি সমবায় এর পরিদর্শন এবং ১৬৫ টি সমবায় এর নিরীক্ষা সম্পাদন করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপ সহকারী নিবন্ধক, উপজেলা সমবায় কার্যালয়, বানারীপাড়া, বরিশাল

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, বরিশাল-এর মধ্যে ২০২৩ সালের ...জুন...... মাসের ৭(সাত) তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন
২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ
৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সমবায় আদর্শে/দর্শনে উদ্বুদ্ধকরণ ও সমবায় গঠন;
২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;
৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;
৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;
৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;
৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা;
৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠির ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;
৮. সমবায় পন্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;
৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান।

সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| আত্ম-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বেকারত্ব দূর করে আর্থ-সামাজিক উন্নয়ন। | সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান(পুরুষ) | জন (লক্ষ) | ০.০০০৯৫ | ০.০০০৮০ | ০.০০০৯০ | ০.০০১ | ০.০০১১ | সমবায় বিভাগ, মহিলা ও শিশু মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | উপজেলার নিবন্ধিত সমবায় সমিতি সমূহের প্রাপ্ত তথ্য মতে। |
| | সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান(পুরুষ) | জন (লক্ষ) | ০.০০০৮ | ০.০০০৭ | ০.০০০৭৫ | ০.০০০৯ | ০.০০১ | সমবায় বিভাগ, মহিলা ও শিশু মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | উপজেলার নিবন্ধিত সমবায় সমিতি সমূহের প্রাপ্ত তথ্য মতে। |
| সমবায় সমিতি নিরীক্ষার মাধ্যমে অনিয়ম উদঘাটন ও ব্যবস্থাপনা কমিটির জবাব দিহি নিশ্চিতকরণ | সমিতির নিরীক্ষা সম্পাদিত | সংখ্যা | ১৭৮ | ১৯০ | ১৬৫ | ১৭৫ | ১৮০ | সমবায় বিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, এলজিইডি, বিআরডিবি ও কাব। | উপজেলার নিবন্ধিত সমবায় সমিতি সমূহের প্রাপ্ত তথ্য মতে। |
| সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা করা | ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠিত | % | ৪৮ | ৯১ | ৯০ | ৯০ | ৯০ | সমবায় বিভাগ। | উপজেলার নিবন্ধিত সমবায় সমিতি সমূহের প্রাপ্ত তথ্য মতে। |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন | ২৪ | [১.১] নিবন্ধন | [১.১.১] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [১.১.২] আশ্রয়ন সমবায় সমিতির গঠিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [১.১.৩] প্রাক -নিবন্ধন প্রশিক্ষনের মাধ্যমে উদ্বুদ্ধকরণ | সমষ্টি | জন(লক্ষ) | ৮ | ০.০০১০০ | ০.০০১০০ | ০.০০০৬০ | ০.০০০৫৪ | | | | ০.০০০৭০ | ০.০০০৮০ |
| | | [১.২] উৎপাদনমুখী খাতে সমবায়ীদের পূজি বিনিয়োগের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান | [১.২.১] সমবায়ী সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান (পুরুষ) | সমষ্টি | জন(লক্ষ) | ৩ | ০.০০০৯৫ | ০.০০০৮০ | ০.০০০৯০ | ০.০০০৮১ | | | | ০.০০১০০ | ০.০০১০০ |
| | | | [১.২.২] সমবায়ী সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান (মহিলা) | সমষ্টি | জন(লক্ষ) | ৩ | ০.০০০৮০ | ০.০০০৭০ | ০.০০০৭৫ | ০.০০০৬৮ | | | | ০.০০০৮০ | ০.০০০৯০ |
| [২] টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ | ২৪ | [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | তারিখ | % | ২ | ১৪.০৮.২১ | ১৪.০৮.২২ | ১৪.০৮.২৩ | ২৬.০৮.২৩ | | | | ১৪.০৭.২৪ | ১৪.০৮.২৫ |
| | | | [২.১.২] মডেল সমবায় সমিতি সৃজন | সমষ্টি | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | | | | ১ | ২ |

## সংযোজনী ৬: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নিবন্ধন | [১.১.১] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | উপজেলা সমবায় কার্যালয় | জেলা প্রধান কর্তৃক নিবন্ধন প্রাপ্তির পর উপজেলার নিবন্ধ রেজিষ্টার (আবেদনকারীর নাম ও ঠিকানা, আবেদন গ্রহণের তারিখ, নিবন্ধন নিস্পত্তির তারিখ) উপজেলা সংরক্ষণ করবেন। |
| | [১.১.২] আশ্রয়ন সমবায় সমিতির গঠিত | উপজেলা সমবায় কার্যালয় | জেলা/উপজেলা প্রধান কর্তৃক নিবন্ধন প্রাপ্তির পর উপজেলার নিবন্ধ রেজিষ্টার (আবেদনকারীর নাম ও ঠিকানা, আবেদন গ্রহণের তারিখ, নিবন্ধন নিস্পত্তির তারিখ) উপজেলা সংরক্ষণ করবেন। |
| | [১.১.৩] প্রাক -নিবন্ধন প্রশিক্ষনের মাধ্যমে উদ্বুদ্ধকরণ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা/জেলারপ্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত হাজিরা সীট, স্থিরচিত্র এবং উপজেলা ভিত্তিক সভার তালিকা (উপজেলার নাম, সভা অনুষ্ঠানের তারিখ এবং উপস্থিতির সংখ্যা) উপজেলা সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| [১.২] উৎপাদনমুখী খাতে সমবায়ীদের পুজি বিনিয়োগের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান | [১.২.১] সমবায়ী সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান (পুরুষ) | উপজেলা সমবায় কার্যালয় | সমিতির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র এবং উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে কর্মসংস্থান এর তালিকা (উপজেলার নাম, কর্মসংস্থান সৃজিত সমবায় এর নাম, কর্মসংস্থানের খাত, সংখ্যা) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| | [১.২.২] সমবায়ী সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান (মহিলা) | উপজেলা সমবায় কার্যালয় | সমিতির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র এবং উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে কর্মসংস্থান এর তালিকা (উপজেলার নাম, কর্মসংস্থান সৃজিত সমবায় এর নাম, কর্মসংস্থানের খাত, সংখ্যা) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | জেলা ও উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা প্রধান কর্তৃক স্বাক্ষরিত তালিকা এবং (সমবায়ের নাম, রেজি; নং ও নির্বাচনের সম্ভাব তারিখ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| | [২.১.২] মডেল সমবায় সমিতি সৃজন | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা প্রধান কর্তৃক স্বাক্ষরিত সমিতির সার্বিক চিত্র, প্রত্যয়নপত্র এবং (উপজেলা ভিত্তিক মডেল সমবায় সমিতির নাম, ঠিকানা ও তারিখ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.৩] এক কোটি টাকারর্ উদের্ধ কার্যকরী মূলধনবিশিষ্ট সমবায়ের সার্ভিস রুলস অনুমোদিত | জেলা ও উপজেলা সমবায় কার্যালয় | এক কোটি টাকার উর্ধ্বে সমিতির নাম, রেজি নং, তারিখ, সার্ভির রুল অনুমোদনের তারিখ ও সার্ভিস রুলের কপি উপজেলা সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |